

কাপাসিয়ায় ৮ হাজার শিক্ষার্থী উপবৃত্তির টাকা পাচ্ছে না

■ এম. আশাদুল্লাহমান, কাপাসিয়া (গাজীপুর) সংবাদদাতা
গাজীপুরের কাপাসিয়া উপজেলার মাধ্যমিক স্তরের প্রায় ৮ হাজার শিক্ষার্থী এক বছর ধরে তাদের উপবৃত্তির টাকা পাচ্ছে না। ফলে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

কাপাসিয়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসসূত্রে জানা যায়, সরকার ৬ষ্ঠ থেকে ১১শম শ্রেণি পর্যন্ত সকল বিদ্যালয়/মাদ্রাসায় দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের লেখাপড়ার সুবিধার্থে উপবৃত্তি প্রদান করে। কয়েকটি শর্ত সাপেক্ষে ছাত্রীদের শতকরা ৩০ ভাগ এবং ছাত্রদের শতকরা ১০ ভাগ উপবৃত্তি পায়। প্রতি ৬ মাস অন্তর এক কিস্তি করে বছরে দুই কিস্তিতে শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা দেয়া হয়। এছাড়া এসএসসি/দাখিল পরীক্ষার্থীরা এক কিস্তির টাকা ও পরীক্ষার ফি পায়। উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৮ হাজার ১শ ৯৪ জন উপবৃত্তির উপযোগী শিক্ষার্থীকে গত ২০১৪ সালের জুলাই মাসে সর্বশেষ ২০১৩ সালের (জুলাই-ডিসেম্বর) ২য় কিস্তির টাকা প্রদান করা হয়েছে। সর্বশেষ উপবৃত্তি প্রদানের তথ্য অনুযায়ী উপজেলার ৭৬টি উচ্চ বিদ্যালয় থেকে ৬ষ্ঠ হতে ১১শম শ্রেণি পর্যন্ত এবং এসএসসি পরীক্ষার্থীসহ মোট ৪

হাজার ৭শ ৪ জন শিক্ষার্থী উপবৃত্তির টাকা পেয়ে থাকে। এদের মধ্যে ৩ হাজার ৭৬৯ জন ছাত্রী। এছাড়া উপজেলার ৬৫টি মাদ্রাসায় ৬ষ্ঠ থেকে ১১শম শ্রেণি পর্যন্ত ও দাখিল পরীক্ষার্থীসহ মোট ৩ হাজার ৪৯০ জন শিক্ষার্থী উপবৃত্তির টাকা পেয়ে থাকে। এদের মধ্যে ২ হাজার ৭৫৪ জন ছাত্রী। কিন্তু ২০১৪ সাল থেকে অর্থাৎ জানুয়ারি-জুন প্রথম কিস্তি ও জুলাই-ডিসেম্বর দ্বিতীয় কিস্তির টাকা তারা আর পায়নি। এদের মধ্যে যারা এবার ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি হয়েছে তারা এক কিস্তির এবং যারা এসএসসি/দাখিল পরীক্ষা দিয়েছে তারা এক কিস্তির টাকার সাথে পরীক্ষার ফি এর টাকা পাওনা রয়েছে।

কাপাসিয়া উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আবুল কালাম আজাদ বিষয়টি স্বীকার করে বলেন, উপবৃত্তির টাকা আগে ব্যাংকের মাধ্যমে দেয়া হতো। এ টাকা শিক্ষার্থীদের মোবাইল একাউন্টে দেয়ার জন্য একটি কার্যক্রম বাস্তবায়নের কাজ চলছে। আশা করা যায়, এ কাজটি শেষ হলে উপবৃত্তি পাবার যোগ্য সকলেই তাদের পাওনা টাকা পাবে। তিনি আরো বলেন, শুধু কাপাসিয়াই নয়, সারাদেশেই শিক্ষার্থীরা উপবৃত্তির টাকা পায়নি।